গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/মাস্টার্স (নিয়মিত)ভর্তি/২০-২১/২০২২/২৩৭ তারিখ: ০১ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ / ১৭ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

(সূত্র: স্মারক নং-১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২০-২০২১/৪৮৮৬ তারিখ: ১৬/১০/২০২২)

**০১। ২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে কোটার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।**

| ক্র. নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইটে (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে থেকে Masters (Regular) লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেসশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ২৩ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। | ১৮/১০/২০২২ থেকে ২৪/১০/২০২২ |
| (খ) | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে www.dgc.edu.bd প্রবেশ করে Online Admission Option প্রবেশ করে ভর্তি ফরমের রোল দিয়ে পরবর্তী কার্যক্রম শেষ করতে হবে। কলেজ সার্ভারে সকল তথ্য দেয়ার পর প্রিন্ট প্রিভিউ অপশন আসবে। সেখানে সঠিক তথ্য দেখার পর কোন ভুল ত্রুটি হলে Edit করে ঠিক করে ভর্তি ফরম Submit করতে হবে। একবার Submit করার পর আর ভুল সংশোধন করা যাবে না। Submit হওয়ার পর ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর গেটওয়ের মাধ্যমে রকেট/নেক্সাস পে এর মাধ্যমে নিজ নিজ বিষয়ের ফি নির্ধারিত থাকবে। নির্ধারিত ফি পরিশোধের পর কলেজের ভর্তির চূড়ান্ত ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম ছাড়া ভর্তি সম্পন্ন হবে না।** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম নিজ নিজ বিভাগে নিদিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমসমূহ জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। জমাদানের তারিখ ও সময়: | ১৮/১০/২০২২ থেকে ২৫/১০/২০২২ (বিকাল ০৪.০০ টার পর কোন ফরম গ্রহণ করা হবে না।) |
| (গ) | সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে অনলাইনে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। চূড়ান্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ: | ১৯/১০/২০২২ থেকে ২৬/১০/২০২২ |

**০২। ভর্তি ফি এর পরিমাণ:**

| বিভাগের নাম | টাকার পরিমাণ | **মন্তব্য** |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | **৩৪৪৫/-** | সকল বিভাগে পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা |
| পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা | **৩৬৯৫/-** | |

**<u>বিশেষ জরুরি দ্রষ্টব্য:</u>** কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের মোবাইল সচল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ প্রদানকৃত মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**০৩। প্রয়োজনীয় কাগজপত্র (ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে) ঃ**

(ক) এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।

(খ) স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষার উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে স্নাতক (পাস) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) ভর্তির প্রবেশপত্রের মূল কপি ও চূড়ান্ত ভর্তি ফরমের ফটোকপি।

(ঘ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি ও ০২ (দুই) স্ট্যাম্প সাইজের ছবি জমা দিতে হবে।

(ঙ) কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে মূল কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই প্রদর্শন করতে হবে এবং বিভাগীয় প্রধান তা যাচাইপূর্বক উক্ত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন। কোটার স্বপক্ষের মূল কাগজপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

**০৪। বিভাগের করণীয়:**

(ক) ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস) ও স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত)/স্নাতক (সম্মান) পরীক্ষার রোল, বিশ্ববিদ্যালয়ের নাম, প্রাপ্ত নম্বর ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোন শিক্ষার্থীর নম্বরপত্রের সাথে তথ্যগত অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি কমিটির সঙ্গে যোগাযোগ করতে হবে।

(খ) চূড়ান্ত ভর্তি ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও অধ্যক্ষের সীলসহ শিক্ষার্থীকে ফেরত দিতে হবে।

**বি:দ্র:** ১। ভর্তির সময় কলেজ কর্তৃপক্ষকে সকল সনদের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে বা প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহে মিথ্যা বা জালিয়াতির আশ্রয় নিলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। প্রত্যেক বিভাগ ও সংশ্লিষ্ট সকলকে এতদসঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৬/১০/২০২২ তারিখের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিস্তারিত তথ্য: www.nu.ac.bd/admissions এর Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

**স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

প্রতি স্বাক্ষর

১৭.১০.২০২২

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

১৭/১০/২২

(মো. সাজেদুল ইসলাম)
আহ্বায়ক
মাস্টার্স (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০২০-২০২১
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি-

১। উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, দিনাজপুর সরকারি কলেজ
৩। হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৪। অফিস নথি